



মধ্যপ্রাচ্যে উত্তেজনার মাঝে প্রবাসীদের খোঁজখবর নিলেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যে চলমান সংঘাতের প্রেক্ষাপটে বাংলাদেশিদের নিরাপত্তা ও অবস্থার খোঁজখবর নেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

রোববার (১ মার্চ) সকালে সচিবালয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেন। এসময় তিনি প্রধানমন্ত্রীকে বাংলাদেশিদের পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা ছমাযুন কবির। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন জানিয়েছেন, প্রধানমন্ত্রী প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছেন এবং ফ্লাইট বাতিলসহ অন্যান্য বিষয়েও আলোচনা হয়েছে।

এছাড়া, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আটকা পড়া যাত্রীদের দেখভাল ও ব্যবস্থাপনার বিষয়েও প্রধানমন্ত্রী সরাসরি তদারকি করছেন। বিমান মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় এই কাজে সক্রিয়ভাবে নিয়োজিত রয়েছেন।

সচিবালয়ে সকাল ৯টা ১০ মিনিটে আসার পর প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেন দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী আসাদুল হাবিব দুলা। প্রধানমন্ত্রী ভূমিকম্প পরবর্তী জরুরি ব্যবস্থা ও কর্মপরিকল্পনা তৈরির নির্দেশ দেন। দুলা জানান, প্রধানমন্ত্রীর নির্দেশে ঢাকায় এক লাখ স্বেচ্ছাসেবক তৈরি করা হবে।

পরবর্তী সময়ে বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রীও প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন।